

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারী আবাসন পরিদপ্তর  
ই শ্রেণী বরাদ্দ শাখা

www.doga.gov.bd

তারিখ: ৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৩.০১.০৪৪.২১.১

বিষয়: স্বয়ংক্রিয় পদ্ধতিতে বরাদ্দের জন্য আজিমপুর জোন এ-তে ই শ্রেণি বাসা বরাদ্দের জন্য ১৯-০১-২০২৫ তারিখ প্রকাশিত  
জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

সূত্র: স্মারক: ২৫.৪৩.০০০০.০০৩.০১.০৪৪.২১.৯, তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২৪

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আজিমপুর জোন এ-তে ৯১টি ই শ্রেণির বাসা স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রদানের জন্য ০৫ ডিসেম্বর, ২০২৪ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে গত ১৯-০১-২০২৫ তারিখ জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা [www.bashaonline.com](http://www.bashaonline.com) ওয়েবসাইটে লগ-ইন করে দেখা যাবে। বাসা প্রাপ্তির জন্য যোগ্য প্রার্থীগণকে আগামী ২৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে নিম্নবর্ণিত ঠিকানায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সেবা ডেস্ক, সরকারি আবাসন পরিদপ্তর,  
বাংলাদেশ সচিবালয় ২ নং গেট (অভ্যর্থনা কক্ষের বাইরে),  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

#### দাখিলীয় কাগজপত্রাদি

- ১। জাতীয় পরিচয়পত্রের কপি (১ কপি)
- ২। পে-ফিল্ডেশন (১ কপি)
- ৩। হালনাগাদ বেতন বিবরণী (আইবাস++ এর কপি) (১ কপি)
- ৪। ই শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ সংক্রান্ত প্রমাণক (১ কপি)

#### বিশেষ দৃষ্টব্য:

- ১। ই শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতা ক্রমিক ১ হতে ১০০ পর্যন্ত উল্লিখিত আবেদনকারীগণ বর্ণিত কাগজপত্রাদি দাখিল করবেন;
- ২। দাখিলের সময় প্রদত্ত ফলে নিজ অবস্থানের ক্রমিক নম্বর খামের উপর উল্লেখ করতে হবে;
- ৩। উল্লিখিত সকল কাগজপত্রাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত হতে হবে;
- ৪। অনলাইনে দাখিলকৃত তথ্যাদির প্রমাণক হিসেবে সংযুক্ত কাগজপত্রাদি উল্লিখিত কাগজপত্রাদির (হার্ডকপি) অনুরূপ না হলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাছাইকৃত প্রার্থী বাসা বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে;
- ৫। বরাদ্দপ্রাপক ব্যক্তি বরাদ্দ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে অথবা বরাদ্দপত্রে উল্লিখিত তারিখের মধ্যে দখল গ্রহণ না করলে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ বাতিল হবে;
- ৬। বরাদ্দপ্রাপক নিজে দখল গ্রহণ না করে অন্য কাউকে অনাপত্তি/সুপারিশ প্রদান করলে তার বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে ২ (দুই) বছরের জন্য বরাদ্দ প্রক্রিয়ায় অংশগ্রহণ হতে বঞ্চিত হবেন।

২২-০১-২০২৫  
মোঃ শহীদুল ইসলাম ভূঞা  
পরিচালক  
+৮৮০২৫৫১০১০৩৭ (ফোন)  
০২-৯৫৪৬৪৬৩ (ফ্যাক্স)  
director@dog.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। রেজ্ট্রার /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০০৩.০১.০৪৪.২১.১/১ (৭)

তারিখ: ৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন-২ অনুবিভাগ), প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব ( সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৩। উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।
- ৪। সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর।
- ৫। অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারি আবাসন পরিদপ্তর।
- ৬। পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর।
- ৭। অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর।



২২-০১-২০২৫  
আব্দুল্লাহ-আল-নোমান  
সহকারী পরিচালক